হারীত বলিয়াছেন, গর্ভাধান সংস্কার দ্বারা বেদধারণ সমর্থ সুসন্তান উৎপন্ন হয়। স্ত্রী-পুং চিহ্নোৎপত্তিকাল তৃতীয় মাসে পুংসবন দ্বারা পুরুষ সন্তান জন্মে। সীমন্তোন্নয়ন দ্বারা উৎপন্ন গর্ভের আধার ও বালকের সংস্কার হয় [এই তিনটি সংস্কার দ্বারাই বালক ও তদাধার স্ত্রী সংস্কৃতা হয়েন, এইজন্য বলিয়াছেন, গর্ভাধানাদি দ্বারা একবার সংস্কৃতা নারী যে যে গর্ভ প্রসব করিবেন সেই সকল সন্তানই সংস্কার পূত হইবেন]। শুক্র শোণিত সম্ভূত সন্তানের উপপাতকাদি পাপপঞ্চক পশ্চাল্লিখিত পাঁচটি কার্য্য দ্বারা ধ্বংস হইবার কথা আছে, যথা,- জাতকর্ম্ম, নামকরণ, অন্নপ্রাশন, চূড়াকরণ, স্নান অর্থাৎ উপনয়নোত্তর সমাবর্ত্তন এই অর্থ কল্পতরুকার বলিয়াছেন।

দৃষ্টান্তরূপে অঙ্গিরা বলিয়াছেন,—যেমন চিত্র কর্ম্মদ্বারা চিত্রিতের অঙ্গপ্রত্যঙ্গ সকল ক্রমে ক্রমে প্রকাশ হয়, তাহার ন্যায় বিধিপূর্ব্বক সংস্কার দ্বারা ক্রমশঃ দ্বিজসন্তানের ব্রহ্মণ্যের বিকাশ হইয়া থাকে।

মলমাস তত্ত্বেও বলিয়াছেন,—ঋতুকালে গর্ভাধান, তৃতীয়মাসে পুংসবন, ষষ্ঠ বা অষ্টম মাসে সীমন্তোন্নয়ন, প্রসবের পর জাতকর্ম্ম, একাদশদিনে নামকরণ, চতুর্থমাসে নিষ্ক্রমণ, ষষ্ঠমাসে অন্নপ্রাশন এবং

তৃতীয়বর্ষে কিম্বা কুলাচার নিয়মানুসারে চূড়াকরণ করিবে, এই অষ্টবিধ সংস্কারদ্বারা বালকের বীজ গর্ত্ত সমুদ্ভব পাপ সকল শমতা প্রাপ্তি হইয়া থাকে।

গর্ভাধানের ন্যায় উপনয়নান্ত সংস্কারই পিতা স্বয়ং করিবেন, অসমর্থ হইলে অন্য ব্যক্তি দ্বারা করাইবেন [৩য় ভাগে ৬৫ পৃষ্ঠা দেখ]। এই পূর্ব্ববচনোক্ত কাল সকল সংস্কার বিশেষের মুখ্যকাল। ব্রাহ্মণদিগের এই মুখ্যকালে বিহিত সংস্কারের নিরবকাশ স্থলে বৃদ্ধির অনুরোধে অপকর্ষ সপিণ্ডন হইয়া থাকে। উপনয়নে দ্বাদশ বর্ষকাল অতিক্রম সম্ভাবনা থাকিলেই অপকর্ষ হইবে, কারণ তৎপরে, মহাব্যাহৃতি হোম রূপ প্রায়শ্চিত্তের বিধান আছে। এই প্রকার দশমবর্ষ কাল উত্তীর্ণ বা তৎ সম্ভাবনা হইলেই সর্ব্বজাতীয়া কন্যার বিবাহ অনুরোধে অপকর্ষ হইতে পারে। ব্রাহ্মণের পনেরো বৎসর তিন মাস বয়স উত্তীর্ণ হইলে বিবাহের অনুরোধে অপকর্ষ হইবে, স্ত্রী এবং শূদ্রদিগের এক মাত্র বিবাহই প্রধান সংস্কার এজন্য কেহ কেহ বলেন শূদ্রেরও ঐকালে বিবাহের অনুরোধে অপকর্ষ হইতে পারে, কিন্তু শূদ্রদিগের বিবাহের ঐ কাল বিশেষ রূপ নির্দ্দিষ্ট নাই। স্ত্রী ও শূদ্রদিগের অন্যান্য সংস্কারের অনুরোধে অপকর্ষ করা সঙ্গত নহে।

যে কোন সংস্কার স্বকালে না হইয়া পরবর্ত্তী 'গৌণ' কালে করিতে হইলে, কালাত্যয় দোষের

প্রায়শ্চিত্ত জন্য কর্ম্মারম্ভক মহাব্যাহৃতি হোম ব্যস্তসমস্ত-মহাব্যাহৃতি রূপে করিতে হইবে, পতিত সংস্কার উপনয়নের পরে হইবে না। নামকরণাদি সংস্কার স্বকালে না হইলে (মুখ্য কালের অনুরোধ না থাকায় সাবকাশ বিধায়) উহা উত্তরায়ণে শুক্লপক্ষে ও বিহিত নক্ষত্রাদিতে শুদ্ধকালেই করিতে হইবে। দুই তিনটি সংস্কার পতিত স্থলে শেষ সংস্কারের বিহিত দিনই পূর্ব্বসংস্কারের কাল। সংস্কার সাধারণেরই কুলাচারানুসারে কালের প্রাশস্ত্য আছে। [কালাশুদ্ধিতে কর্ত্তব্যাকর্ত্তব্য ৩য় ভাগে ১২ পৃষ্ঠায় দেখ। সংস্কারের শুভ তিথি নক্ষত্রাদি বিহিত দিন সকল পঞ্জিকাতেই বিশেষ থাকায় উহা লেখা হইল না]।

শুভকর্ম্মের দিন চন্দ্রশুদ্ধি থাকা প্রয়োজন, (পঞ্জিকায় দেখ) তারা শুদ্ধি থাকিলেও ভালো হয়। যদি কর্ম্মদিবসীয় তিথি নক্ষত্রাদি তাদৃশ সুপ্রশস্ত না পাওয়া যায়, তবে ঐ দিন দেববর বিষ্ণুর বিশেষরূপ পূজা করিলেই সকল অশুভ খণ্ডন হইবে বলিয়া শাস্ত্রে বলিয়াছেন। চন্দ্র তারাদি বিরুদ্ধ জন্য শঙ্খাদি উৎসর্গ করিবারও ব্যবস্থা আছে [২য় ভাগে স্বস্ত্যয়ন প্রকরণে দেখ]।

সংস্কার তত্ত্বে চূড়াপ্রকরণে বলিয়াছেন,—কন্যাদিগের সংস্কারের প্রক্রিয়া সমস্তই অমন্ত্রক করিতে হইবে, কিন্তু তদঙ্গ হোমের এবং আভ্যুদয়িকের মন্ত্র পাঠ ব্রাহ্মণ দ্বারা হইবে। [এক্ষণে এতদ্দেশে অনেকে কন্যার অন্নপ্রাশনাদি সংস্কারে ষষ্ঠী মার্কণ্ডেয় পূজা মাত্র করিয়া কন্যার মুখে অন্ন দিয়া থাকেন,

কেবল বিবাহে অধিবাস ও আভ্যুদয়িকাদি করা হয়। স্ত্রী এবং শূদ্রের ব্যবস্থা এক হইলেও শূদ্র পুত্রদিগের অন্নপ্রাশনাদি সকল সংস্কারেই আভ্যুদয়িক করা হয় এবং বিবাহসংস্কারে কোন কোন সৎ শূদ্রেরা ব্রাহ্মণ দ্বারা কর্ম্মাঙ্গ হোম করাইয়া থাকেন]।

বিবাহ-ব্যবস্থাদি।

গর্ভস্থ হইবার দিন ধরিয়া সাবন গণিত যুগ্মবর্ষে বিবাহ হইবে, অর্থাৎ যুগ্মবৎসরে (জন্মমাস হইতে) মাসত্রয় মধ্যে এবং অযুগ্ম বৎসরে মাসত্রয়ের পরে বিবাহাদি হইবে। কর্ণবেধ চূড়া ও কন্যার বিবাহ কর্ম্মেই যুগ্মবর্ষ বিবেচনার উল্লেখ আছে। জন্মমাসে কর্ণবেধ চূড়া ও বিবাহ নিষেধ কিন্তু ইহাতে স্নান দান হোম এবং কন্যার বিবাহ ও পুত্রের উপনয়ন প্রশস্ত। নিরবকাশ স্থলে জন্মমাসের দশদিন ত্যাগ করিয়া চূড়াদি হইতে পারে। পুত্রের জন্মবারে প্রায় সংস্কারাদি কার্য্য হয় না। শুভাশুভ বিবেচনায় ■■ এই জন্মমাসাদি সৌর গ্রাহ্য।

শুক্রাস্তাদি অকালে বিবাহ হইলে দম্পতীর মধ্যে একের বিনাশ হয়, সুতরাং কন্যাকাল উত্তীর্ণ স্থলে নিরবকাশ বিধায় সর্ব্বপ্রকার দোষ স্বীকার করিয়াও বিবাহ দেওয়া যায় কিন্তু বরের বিনাশ সূচক দোষ-শ্রুতি হেতুক পূর্ব্বোক্ত অকালে বিবাহ দিবে না (অকাল ব্যবস্থা ৩য় ভাগে দেখ)।

গর্গ বলিয়াছেন,—জ্যৈষ্ঠমাস ও অগ্রহায়ণমাসে প্রথমগর্ভসম্ভূত জ্যেষ্ঠ পুত্র এবং জ্যেষ্ঠা কন্যার বিবাহ, চূড়া ও উপনয়ন এবং বচনান্তরোক্ত অন্যান্য মঙ্গল কার্য্যও নিষেধ। নিরবকাশস্থলে জ্যৈষ্ঠ মাসের দশদিন ত্যাগ করিলে হইতে পারে। [অন্যান্য উৎসব কার্য্যেও নিষিদ্ধমাসে দশ দিন ত্যাগ করিবার কথা আছে]।

শাস্ত্রে বলিয়াছেন। ধর্ম্মার্থকামমোক্ষ লাভের মূলকারণই পত্নী সুতরাং বিবাহের পূর্ব্বে যত্ন পূর্ব্বক নারীর পরীক্ষা আবশ্যক। মনু বলিয়াছেন, হংস বা হস্তির ন্যায় মৃদুগামিনী সূক্ষ্ম লোম কেশ ও দন্তশ্রেণী বিশিষ্টা এবং অবিকলাঙ্গী ও কোমলাঙ্গী স্ত্রীই বিবাহে প্রশস্তা। শাতাতপ বলিয়াছেন, হংসস্বনি বিশিষ্টা মেঘবর্ণা ঈষৎরক্তবর্ণাভনেত্রযুক্তা কন্যাই গৃহস্থের সুখবর্দ্ধিনী। যাহার রক্ত-পদ্মাভাবিশিষ্ট পদতল ভূমিতে সংলগ্ন থাকে সেই স্ত্রীই ধন্যা। সুকেশী সুদন্তা সুশীলা শোভনগতি বিশিষ্টা এবং যাহার লোম সমূহ সূক্ষ্ম ভ্রূযুগল ও দন্ত পংক্তি সুন্দরদৃশ্য এবং যাহার নয়ন পদ্মপলাশের

ন্যায় বিশাল ও যাহার মধ্যদেশ বোলতা কীটের ন্যায় সূক্ষ্ম সেই স্ত্রী হীন কুলজাতা হইলেও বিবাহ যোগ্যা।

মনু বলিয়াছেন, কপিল বা পিঙ্গলবর্ণা অধিকাঙ্গুলবিশিষ্টা অতিলোমান্বিতা অচালা রোগিণী এবং গঙ্গা, যমুনা, সরস্বতী, ভিন্ন নদীনাম্নী এবং মালতী, তুলসী ভিন্ন বৃক্ষনামিকা এবং রেবতী রোহিণী ও অশ্বিনী ভিন্ন নক্ষত্র নাম্নী এবং মাতৃনাম্নী পক্ষিনাম্নী বা ভীষণ নাম্নী কন্যা অবিবাহ্যা, কিন্তু বিবাহ কালে নামান্তর করিয়া বিবাহ করা যায়।

কৃত্যচিন্তামণিতে বলিয়াছেন, কেকর (টেরা) ও পিঙ্গললোচনা দুঃশীলা হাস্যকালে যাহার গণ্ডদ্বয়ে কূপদ্বয় দৃষ্ট হয় সেই নারী বন্ধ্যা। ধৃষ্টা কুদন্তা এবং যাহার কটিদেশ স্থূল কিম্বা যাহার পদযষ্টি লোমসমাকীর্ণা সেই নারী রাজকন্যা হইলেও ত্যাজ্যা।

দ্বিরাগমন।—অষ্টম দশম ও দ্বাদশ বর্ষে দ্বিরাগমন বিহিত নহে। জ্যোতিঃসারসংগ্রহে বলিয়াছেন, সাবন গণিত বিবাহ মাসের মধ্যে যদি বধূ পিত্রালয় হইতে পতিগৃহে দ্বিতীয় বার আসিয়া থাকেন, তাহা হইলে আর দ্বিরাগমনে বিহিত বিশেষ দিনের প্রয়োজন নাই। দ্বিপিকায় বলিয়াছেন, একগ্রামে বা চতুঃশালা মধ্যে কিম্বা দুর্ভিক্ষ বা রাষ্ট্রবিপ্লব উপস্থিত হইলে পতি কর্তৃক নীয়মানা

বধূর সম্মুখ শুক্রাদি দোষ হইবে না। দ্বাদশ বর্ষ অতীত কিম্বা গর্ভাধান সংস্কার হইয়া গেলে দ্বিরাগমন বিহিত দিনের আবশ্যক নাই।

মৎস্ত সূক্তে বলিয়াছেন,—যে কন্যা পিতৃগৃহে ভোজন করিয়া সেই দিনেই স্বামী গৃহে আসিয়া ভোজন করেন, তিনি দুর্ভগা ও কুলনায়িকা কর্তৃক শাপগ্রস্তা হয়েন।

গর্ভাধান ব্যবস্থাদি।

ক্রণের আধার (পঞ্চগব্য ভক্ষণাদি দ্বারা) শোধন করাকে গর্ভাধান সংস্কার কহে। রজোদর্শন কাল হইতে ষোড়শ নিশা গর্ভাধানের কাল ঐকাল মধ্যে প্রথম তিন বা চারি রাত্রি (শোণিত নিবৃত্তি না হওয়া পর্য্যন্ত) একাদশ ও ত্রয়োদশ রাত্রি এবং অষ্টম্যাদি পঞ্চপর্ব্ব কাল প্রভৃতি পরিত্যজ্য। গর্ভাধানে পূর্ণা এবং রিক্তা তিথিও প্রশস্ত নহে, ভদ্রা ও জয়া তিথি শুভকার্য্যে প্রায় প্রশস্ত, এই কার্য্যে রবি মঙ্গল ও বৃহস্পতিবার প্রশস্ত বুধবার নিষিদ্ধ। জ্যেষ্ঠা মূলা মঘা অশ্লেষা রেবতী কৃত্তিকা অশ্বিনী উত্তর ফল্গুনী উত্তরাষাঢ়া ও উত্তর ভাদ্রপদ নক্ষত্র নিষিদ্ধ *।

---

* সাধারণতঃ স্ত্রীগমনেও উক্ত প্রায়শ্চিত্তার্হ পর্ব্বদিনাদি ত্যাগ করিবে, অপ্রশস্ত রিক্তাদি কাল সাবকাশ স্থলে ত্যজ্য (৫ম ভাগে দারোপগমন বিধি দেখ)।

মাস তিথি নক্ষত্র ও বার বিশেষে আদ্য ঋতুর ফলাফল পঞ্জিকাতে আছে। নিন্দিত মঙ্গলাদি-দুষ্ট ঋতুকাল ত্যাগ করিয়া পুনশ্চ ঋতুর অপেক্ষা করিবে বা অমঙ্গলের শান্তি এবং তিথ্যাদি দোষ জন্য তণ্ডুলাদি উৎসর্গ করিবে।

ঋতুর ষোড়শ রাত্রি মধ্যেই গর্ভাধান হওয়া শাস্ত্র, সুতরাং পতির অসন্নিধানাদি নিবন্ধন আদ্য ঋতুতে না ঘটিলে পুনর্ব্বার রজো উদ্গত কাল অপেক্ষা করিতে হইবে। [আধুনিক কোন কোন পণ্ডিত মহাশয় মুখ্যকালের পরবর্ত্তী সমস্ত কালকেই গৌণ কাল বিবেচনা করিয়া অনার্ত্তব সময়ে ও নবপুষ্পোৎসবের ব্যবস্থা করিতে চাহেন, সেটি যুক্তিসঙ্গত নহে, কারণ শাস্ত্রে অনার্ত্তব অবস্থায় অকামুকী নারী গমনে পাপ শ্রুতি আছে এবং ইহা যুক্তিবিরুদ্ধ ও স্বাস্থ্যহানিকর কার্য্য ঋতুদ্বারাই স্ত্রীদিগের রজো-দোষ এবং অবৈধ ইন্দ্রিয় প্রবৃত্তি দোষ প্রভৃতি বিনষ্ট হইবার আভাসও শাস্ত্রে পাওয়া যায় সুতরাং প্রথম শুক্র শোণিত সংযোগ বিশুদ্ধ হওয়াই প্রয়োজন, এই জন্য ঋতুর প্রথম তিন দিন বিশেষতঃ আদ্য ঋতুতে গর্ভাধান না হওয়া পর্য্যন্ত নারীগণ হবিষ্যান্ন ভোজন প্রভৃতি নিয়মে বাধ্য থাকেন, এই সকল নিয়মাদি প্রাচীনা গণ অবগত আছেন [৫ম ভাগেও বিস্তারিত দেখ] এবং গর্ভাধান দিবসে দম্পতী সায়ংকাল পর্য্যন্ত অভুক্ত থাকিয়া ভক্তি ভাবে সর্ব্বভূতাত্মা সূর্য্যদেবকে জগদ্যোনি প্রভৃতি নামে

অর্ঘ্য দান করিয়া থাকেন এবং পতি নবাহুরাগসঞ্চালিতা নববধূর ইন্দ্রিয়বৃত্তি প্রবর্দ্ধক শারীরিক স্থান বিশেষ সংস্পর্শাদি রূপ কার্য্যদ্বারা নবপুষ্পোৎসব সমাধা করিয়া থাকেন। আর্য্যগণ যে কোন কার্য্যই হউক তাহাতে সতর্কতার সহিত সম্যক্ নিবিষ্টচিত্ত হইবার জন্য পূর্ব্বহইতে উদ্যোগী ও সাবধান হইতেন, এসম্বন্ধে পাশ্চাত্যশিক্ষাভিমানী মহাশয়েরা এসকল কার্য্যের গুরুত্ব ও প্রয়োজনীয়তা না বুঝিয়াই অনভ্যজনানুমোদিত বলিয়া মনে করেন (৫ম ভাগে দেখ)।

মনু বলিয়াছেন, ঋতুর যুগ্ম রাত্রিতে স্ত্রীগমনে পুত্র এবং অযুগ্ম নিশায় কন্যা সন্তান জন্মে। বিশেষ বলিয়াছেন, শুক্রাধিক্যে পুত্র এবং শোণিতের আধিক্যে কন্যা হইয়া থাকে। এসম্বন্ধে আধুনিকদিগের অনেক প্রকার মতামত আছে। [জন্ম কালীন তিথি নক্ষত্র বিশেষে এবং অন্যান্য কারণে ও জনক জননীর শারীরিক মানসিক অবস্থানুসারে পুত্র কন্যার শরীর মনের উৎকর্ষ অপকর্ষ সংঘটিত হইয়া থাকে]।

জ্যোতিষ তত্ত্বে বলিয়াছেন,—সাবন গণিত ষোড়শবর্ষবয়সে যে নারী গর্ভিণী হয় কিম্বা সন্তান প্রসব করে, সেই স্ত্রী সন্তান ও পতির সহিত বিনষ্ট হইয়া থাকেন, দৈবাৎ সংঘটনে ইহার শান্তিরও বিধান আছে।

পুংসবন ব্যবস্থাদি।—গর্ভোৎপত্তি ঋতুকাল হইতে সাবন গণিত তৃতীয় মাস পুংসবন কাল (তৃতীয় মাসের আদিম দশ দিবস প্রশস্ত)। প্রথম পুংসবনানন্তর তদ্দিনেই দ্বিতীয় পুংসবন করিতে হইবে, কেহ কেহ দ্বিতীয় দিনেও দ্বিতীয় পুংসবন করিতে বলেন। পূর্ব্বে বলিয়াছি সন্তানের পুংত্ব কামনাই এই সংস্কারের প্রধান উদ্দেশ্য। পিতা উপস্থিত না থাকিলে প্রতিনিধি স্বরূপ অন্য ব্যক্তি দ্বারাও পুংসবনাদি সংস্কার সকল করান যাইতে পারে (৩য় ৬৫ পৃঃ দেখ)। পুংসবনসময়ে গর্ভিণীর হৃদয়দেশ পর্য্যন্ত প্রলম্বিত মেষ সূত্র নির্ম্মিত মালায় গুবাক জাতিফল প্রবাল স্বর্ণ ও রজত খণ্ড গাঁথিয়া দিবে।

পঞ্চামৃত।—সাবনগণিত পঞ্চমমাসীয় গর্ভাবস্থায় বৈদিক মন্ত্রে (ঐ ১১১ পৃঃ দেখ) শোধিত পঞ্চগব্য লইয়া অভুক্তা গর্ভিণীকে সেবন করাইতে হয়। শর্করা মধু দধি দুগ্ধ ও ঘৃত একত্র সংমিশ্রিত এই অমৃতকল্প পঞ্চ পবিত্র দ্রব্য মাতা ভোজন করিলে পর সন্তান উহার রসসার আস্বাদন দ্বারা নব উদ্দীপ্ত ক্ষুধা পিপাসা শান্তি করিয়া পরিতৃপ্ত হইয়া থাকেন (৫ম ভাগে ৫৪ পৃঃ টিপ্পনী দেখ) এই দিন প্রসূতিকে পায়স ভোজন করানও ব্যবহার আছে।

সীমন্তোন্নয়ন।—যথাকালে পুংসবন না হইয়া থাকিলে এইদিনে প্রায়শ্চিত্তাত্মক ব্যস্ত-সমস্ত মহা-ব্যাহৃতি হোম করিয়া পুংসবনানন্তর সীমন্তোন্নয়ন করিতে হইবে।

গোভিল বলিয়াছেন,—প্রথম গর্ভে সাবন চতুর্থ মাস বা অষ্টম মাসেই সীমন্তোন্নয়ন কর্ত্তব্য এবং পূর্ব্ব পূর্ব্বকালের প্রশস্ততা কিন্তু চতুর্থ মাস সাধারণতঃ ব্যবহার্য্য নহে অতএব নবম মাসাদি গৌণ কালে সীমন্তোন্নয়ন করিতে হইলেই কালাত্যয় জন্য প্রায়শ্চিত্তাত্মক মহাব্যাহৃতি হোমের আবশ্যক।

যদি প্রথমগর্ভে পুংসবন বা সীমন্তন না হইতে গর্ভ নষ্ট হইয়া যায় তবে দ্বিতীয় বার গর্ভোৎপত্তি হইলে পূর্ব্বোক্ত মাস বিশেষের নিয়ম নাই, এস্থলেই চতুর্থ মাস হইতে যাবৎ বালক প্রসব না হয় তাবৎ সীমন্তনের কাল কথিত হইয়াছে। বৃহৎ রাজমার্ত্তণ্ডেও বলিয়াছেন, অকৃত সীমন্তা নারীর নবপ্রসূতা বালককে ক্রোড়ে লইয়াও (জাতকর্ম্মের পূর্ব্বে) সীমন্তন সংস্কার হইবে।

নামকরণ-ব্যবস্থাদি * ।

জন্মদিন হইতে সাবন গণিত একাদশ বা দ্বাদশদিনে কিম্বা শতদিনে নামকরণের কাল।

---

* জাতকর্ম্ম ব্যবস্থাদি প্রকরণে লেখা হইয়াছে (৪র্থ ৮৭ পৃষ্ঠার টিপ্পনী দেখ)। সূতিকা ষষ্ঠী পূজা ৩য় ভাগে সংগৃহীত হইয়াছে এবং শোষ্যন্তি হোম, পুত্রমূর্দ্ধাভিঘ্রাণ, পৌষ্টিক প্রভৃতি কাম্য কার্য্য এক্ষণে প্রায় ব্যবহার না থাকায় লিখিলাম না।

একাদশ দিনই নামকরণের মুখ্য কাল। সাধারণতঃ মুখ্যকালের পরবর্ত্তী আগামী ক্রিয়া পর্য্যন্ত মধ্যকালই গৌণ কাল হইলেও বচনোল্লিখিত দ্বাদশ দিনাদি অপেক্ষাকৃত প্রশস্ত।

নামের আদিতে গ ঘ ঙ, জ ঝ ঞ, ড ঢ ণ, দ ধ ন, ব ভ ম, কিম্বা হ এই সকল ব্যঞ্জন বর্ণ এবং মধ্যে য র ল কিম্বা ব এবং অন্তে দীর্ঘ স্বর বা বিসর্গ যুক্ত (প্রথমা বিভক্ত্যন্ত) এবং যুক্তাক্ষর সমন্বিত নাম রাখিবে সুতরাং নারায়ণ জনার্দ্দন বিশ্বম্ভর বলিধ্বংসী ইত্যাদি প্রকার নামই প্রশস্ত। পূর্ব্বোক্ত নাম সকল বা অন্যান্য নাম গোত্রাশ্রিত বা দেবতাশ্রিত কিম্বা নক্ষত্রাশ্রিত করিয়া রাখাও শাস্ত্র সঙ্গত। গোত্রাশ্রিত যথা, দেবদত্তের পুত্র যজ্ঞদত্ত কিম্বা নবকৃষ্ণের পুত্র গোপীকৃষ্ণ ইত্যাদি। দেবতাশ্রিত যথা,—রামদাস হরিচরণ ইত্যাদি। নক্ষত্রাশ্রিত নাম শতপদ চক্রানুসারে উদ্ধার করিতে হয় এবং এই নাম গোপন রাখা আবশ্যক। দেবতাশ্রিত নামই উৎকৃষ্ট কারণ পুরাণে অজামীল উপাখ্যানে বর্ণিত আছে, নারায়ণ নামক কনিষ্ঠ পুত্রে অন্তিমকালে বারম্বার আহ্বান করিয়া ঘোর পাপী অজামীল যমদূতদিগকে বঞ্চনা পূর্ব্বক বিষ্ণুলোক প্রাপ্ত হইয়াছিলেন।

নক্ষত্রাশ্রিত নাম রাখিলে যাহাদিগের কোষ্ঠি নষ্ট হইয়া গিয়াছে বা কোষ্ঠি হয় নাই তাহাদিগের নামের আদ্যক্ষর ধরিয়াই সহজে রাশি নির্ণয় করিতে পারা যায়। রাশি না জানিতে পারিলে কে কোন

ব্যক্তির নামের আদ্যক্ষর ধরিয়া রাশি নির্ণয় করিবার ব্যবস্থা আছে, ইহা পঞ্জিকাতে পাওয়া যা নিন্দিত ব বিরুদ্ধ নাম থাকিলে আবশ্যক মতে পরিবর্ত্তন করিতে হয়, এজন্য গুরুদেবেরা শতপদ। মতে নাম মিলাইয়া শিষ্যকে দীক্ষিত করেন।

মনু বলিয়াছেন,—স্ত্রীদিগের নাম এই প্রকার হইবে, যথা, যাহা সহজে উচ্চারিত হয় ও ক্রূর রহিত মনোহর এবং আশীর্ব্বাদ বাক্যের ন্যায় ও মাঙ্গল্য এবং যে নামের অর্থ স্পষ্ট ও যাহার অন্তে বা দীর্ঘস্বর যুক্ত এবং সংযুক্ত বর্ণ রহিত তাহাই প্রশস্ত যথা,—যশোদা সুখদা ইত্যাদি।

দেবতা গুরু গুরুস্থান পুণ্যক্ষেত্র ও ক্ষেত্রাধিপদেবতা সিদ্ধ পুরুষ বা জীবিত মনুষ্যের নাম রণের পূর্ব্বে শ্রীশব্দ ব্যবহার করিবে এবং নামান্তে ব্রাহ্মণের দেবশর্ম্মা ক্ষত্রিয়ের বর্ম্মা বা বৈশ্যের 'গুপ্ত' শূদ্রের দাস এইরূপ পদ যোগ করিয়া, 'শ্রীঅমুক দেবশর্ম্মা' শ্রীঅমুক দাস এইরূপ হ

নিষ্ক্রমণ ব্যবস্থাদি।—জন্মদিন হইতে সাবন গণিত তৃতীয় মাসীয় শুক্লা তৃতীয়া তিথিতে সূর্য্যোদয় অব্যবহিত পরে শিশুকে গৃহের বহির্দ্দেশে প্রথম আনয়ন পূর্ব্বক চন্দ্র দর্শনাদি করাইতে হয়, ইহাকে নিষ্ক্রমণ' বলে। ঋগ্বেদি ও যজুর্ব্বেদিদিগের চতুর্থমাসে নিষ্ক্রমণ এবং সূর্য্যকে অর্ঘ্যদান করিবার বিধি আছে।

(ভূমিষ্ঠ হওয়ার পর কিছুকাল গৃহ মধ্যে শিশুকে আবদ্ধ রাখা বিশেষ আবশ্যক কারন সূর্য্যোত্তাপ ও

বায়ু বিবর্জ্জিত গাঢ় অন্ধকারময় গর্ভবাসহইতে নিষ্ক্রান্ত অভিনব শিশুর পক্ষে হটাৎ সূর্য্য কিরণও প্রবল বায়ু অনিষ্টকর হয়, উহাদ্বারা দৈহিক উত্তাপহানি ধাতুর বৈষম্য ও চক্ষুরোগ প্রভৃতি জন্মি্তে পারে, বৃক্ষাদিও বাতাতপ রহিত শীতল স্থানে শীঘ্র অঙ্কুরিত ও পরিপুষ্ট হইতে দেখা যায়, এই জন্য শাখবজির বীজও প্রায় রাত্রিকালে অঙ্কুরিত হয়)।

অন্নপ্রাশন-ব্যবস্থাদি। ষষ্ঠ বা অষ্টম মাস অন্নপ্রাশনের কাল, ষষ্ঠমাসই মুখ্য। স্ত্রীদিগের পঞ্চম বা সপ্তম মাস অন্নপ্রাশনের কাল, সপ্তম মাসই সাধারণতঃ ব্যবহার্য্য।

পিতা দেবতা সমীপে অলঙ্কৃত বালককে স্বীয় ক্রোড়ে বসাইয়া, স্বর্ণোদক দ্বারা পবিত্রীকৃত ও ঘৃতযুক্ত পায়স ভোজন করাইয়া মাতার ক্রোড়ে ঐ শিশুকে প্রদান করিবেন। অনেক দেশের মুখে অন্নদান পিতা মাতা করেন না, মাতুলাদি করিয়া থাকেন।

চূড়াকরণব্যবস্থাদি।

তৃতীয়বর্ষ চূড়াকরণের মুখ্যকাল, পঞ্চমবর্ষ এবং প্রথম বর্ষেও চূড়াকরণ হইতে পারে। ইহাকে

বৎসর ও মাস গ্রাহ্য নহে এবং জন্মমাস জন্মচন্দ্র ও জন্ম নক্ষত্র এবং চৈত্র মাস নিষিদ্ধ কিন্তু চৈত্রমাসে রবিবার পাইলে চূড়া হইতে পারে।

ক্ষৌরবিধি যথা,—দেবকার্য্য ও পিতৃ কার্য্য সমাপন করিয়া সোম বা বুধবারে অনুৎকণ্ঠিতচিত্তে পূর্ব্ব বা উত্তরমুখ হইয়া আসনে উপবেশন পূর্ব্বক যথাক্রমে (শিখা ব্যতীত) কেশ শ্মশ্রু লোম এবং নখ ছেদন করাইতে হয়। জন্মমাস জন্মতিথি ও জন্মনক্ষত্রে ব্রত উপবাস ও শ্রাদ্ধদিনে সংযমদিনে সংক্রান্তি দিনে কাম্যপূজাদিনে এবং সন্ধ্যা ও রাত্রিকালে ক্ষৌরি হওয়া নিষেধ এবং গমনোৎসুক, তৈলাক্ত বা ভুক্ত ব্যক্তিরও ক্ষৌর নিষিদ্ধ। নাপিত গৃহে বসিয়া ক্ষৌরি হইবে না এবং ক্ষৌরান্তে স্নান করিবে। জনন বা মরণাশৌচান্তদিনে কারামুক্তি বা বিবাহ দিনে যজ্ঞাদিতে দীক্ষিত হইবার দিনে এবং রাজা বা ব্রাহ্মণের আজ্ঞাক্রমে নিষিদ্ধ বারাদিতেও ক্ষৌরি হওয়া যায়।

কর্ণবেধ।

সাধারণতঃ কৌলিক নিয়মে কিম্বা চূড়াকরণদিনেই কর্ণবেধ হইয়া থাকে, ইহাতেও অযুগ্ম বৎসর

শুক্ল পক্ষ ও উত্তরায়ণাদি প্রশস্তকাল অপেক্ষা করিবে। জন্মমাস জন্মনক্ষত্র কিম্বা চৈত্র বা পৌষ মাসাদি বিহিত নহে। সর্ব্বত্রই গর্ভ জন্ম প্রভৃতি গণনা দ্বারা অযুগ্ম বৎসর গ্রাহ্য হইবে।

কৃত্যচিন্তামণ্যাদি গ্রন্থে বলিয়াছেন, অপত্যদ্বয় অর্থাৎ যথাক্রমে (পীঠাপীঠী) জাত সন্তানদ্বয় বর্ত্তমান থাকিতে যদি তৃতীয় সন্তান গর্ভস্থ হয়, তাহা হইলে ষট্‌কর্ণোৎপত্তি দোষ আশঙ্কা হইয়া থাকে, এই দোষ সংঘটন হইলে তিনটি সন্তানেরই অনিষ্ট হইবার আশঙ্কা আছে, এই অনিষ্ট নিবারণের উপায় জন্য শাস্ত্রে বলিয়াছেন যে, বর্ত্তমান জ্যেষ্ঠ বা কনিষ্ঠ সন্তানের মধ্যে যাহার রবি শুদ্ধি থাকিবে তাহার কর্ণবেধ করা আবশ্যক, অন্যথা মৃত্যু সম্ভব।

উপনয়ন ব্যবস্থাদি।

গৃহোক্ত যে কর্ম্মদ্বারা বালক গুরুর সমীপবর্ত্তী হয়েন, সেই কর্ম্মকেই 'উপনয়ন' বলে। উপনয়নে (সাবকাশ বিধায়) উত্তরায়ণ শুক্লপক্ষাদি বিহিত বিশেষ প্রশস্ত দিনের অপেক্ষা করিবে।

গর্ভাষ্টম বা অষ্টম বর্ষ হইতে দ্বাদশ বর্ষ পর্য্যন্ত ব্রাহ্মণের উপনয়নের কাল, (ব্রহ্মতেজ বৃদ্ধি কামনায় ... পারে)। দ্বাদশ বৎসর বয়স উত্তীর্ণ হইয়া গেলে ব্যস্ত সমস্ত মহাব্যাহৃতি

হোম করিয়া উপনয়ন দিতে হইবে। ষোড়শ বর্ষ উত্তীর্ণ হইলে ব্রাত্যদোষ জন্মে তন্নিবারণ জন্য চান্দ্রায়ণ এবং গোমূল্য এক কাহন দান করিয়া, উপনয়ন দিতে হইবে। পিতৃ মাতৃ রহিত নিঃস্ব ব্যক্তির ধেনুত্রয় মূল্য নবকার্ষাপণ উৎসর্গ করিলেও হইবে।

কৃত্যচিন্তামণিতে বলিয়াছেন,—জন্ম—লগ্ন তারা মাস বা নক্ষত্রে উপনয়ন দিলে, ব্রাহ্মণ বিদ্বান্ না হইলেও পৃথিবীতে পণ্ডিত বলিয়া বিখ্যাত হইবেন।

ব্রহ্মচারী ক্ষৌম বা শণনির্ম্মিত বস্ত্র, কৃষ্ণমৃগচর্ম্মের উপবীত সর অভাবে কুশময়ী মেখলা, বিল্ব বা পলাশের দণ্ড ধারণ করিবেন, ঐ দণ্ড ত্বক্‌ বিশিষ্ট ও কেশ পর্য্যন্ত দীর্ঘ হইবে অলাভে তাদৃশ দ্রব্যান্তরেরও গ্রহণ করা যাইবে।

সমাবর্ত্তন।—পূর্ব্বকালে ব্রহ্মচারী গুরুগৃহে উপনয়নদিনে বেদপাঠ আরম্ভ করিয়া, অষ্টম দ্বাদশ কিম্বা ষোড়শ বর্ষ কাল ঐ গুরুগৃহে বাস পূর্ব্বক একাগ্র চিত্তে অধ্যয়ন করিতেন, পরে গুরুর অনুমতি ক্রমে শুভ দিনে গার্হস্থাশ্রমে প্রবর্ত্তিত হইতেন, তৎপ্রবর্ত্তনিমিত্তক হোমাদির নাম 'সমাবর্ত্তন' এক্ষণে উহা উপনয়ন দিনেই সমাধা হয় এবং দণ্ডাশ্রমে (দণ্ডির ঘরে) ত্রিরাত্র মাত্র বাস পূর্ব্বক চতুর্থদিবসীয় প্রাতঃকালে বংশ দণ্ড জলে প্রক্ষেপ (দণ্ডি ভাসান) করিয়া স্নান করা ব্যবহার আছে।

বটুকভৈরব-স্তোত্রং।

কৈলাসশিখরাসীনং দেবদেবং জগদ্গুরুং শঙ্করং পরিপপ্রচ্ছ পার্ব্বতী পরমেশ্বরম্।

শ্রীপার্ব্বত্যুবাচ। ভগবন্ সর্ব্বধর্ম্মজ্ঞ সর্ব্বশাস্ত্রার্থপারগঃ আপদুদ্ধারণং সর্ব্বং সর্ব্বসিদ্ধিপ্রদং নৃণাং। সর্ব্বেষাঞ্চৈব ভূতানাং হিতার্থং বাঞ্ছিতং ময়া, বিশেষতস্তু রাজ্ঞাং বৈ শান্তি-পুষ্টি-প্রসাধনং অঙ্গন্যাস-করন্যাস-বীজন্যাস-সমন্বিতং বক্তুমর্হসি দেবেশ মম হর্ষবিবর্দ্ধনং।

শ্রীভগবানুবাচ। শৃণু দেবি মহামন্ত্রং আপদুদ্ধারহেতুকং, সর্ব্ব দুঃখপ্রশমনং সর্ব্বশত্রুনিবর্হণং। অপস্মারাদিরোগাণাং জ্বরাদীনাং বিশেষতঃ, নাশনং স্মৃতিমাত্রেণ স্তবরাজমিমং প্রিয়ে। গ্রহরাজভয়ানাঞ্চ নাশনং সুখবর্দ্ধনং স্নেহাদ্বক্ষ্যামি তে মন্ত্রং সর্ব্বসারমিমং প্রিয়ে। সর্ব্বকামার্থদং মন্ত্রং রাজ্যভোগপ্রদং নৃণাং, আপদুদ্ধারণং মন্ত্রং বক্ষ্যামি তে বিশেষতঃ। প্রণবং পূর্ব্বমুচ্চার্য্য দেবীং প্রণবমুদ্ধরেৎ, বটুকায়েতি তৎপশ্চাৎ আপদুদ্ধারণায়চ! কুরু দ্বয়ং ততঃ পশ্চাৎ বটুকায় পুনঃ ক্ষিপেৎ, দেবী-প্রণবমুদ্ধৃত্য মন্ত্রোদ্ধারং শৃণু প্রিয়ে। মন্ত্রোদ্ধারমিমং দেবী ত্রৈলোক্যে চাপি দুর্লভং, অপ্রকাশ্যমিমং মন্ত্রং সর্ব্বশক্তিসমন্বিতং। স্মরণাদেব মন্ত্রস্য ভূতপ্রেতপিশাচকাঃ, বিদ্রবন্তি ভয়ার্ত্তা বৈ কালরুদ্রাদিব প্রজাঃ। পঠেদ্বা পাঠয়েদ্বাপি পূজয়েদ্বাপি

পুস্তকং, নাগ্নি-চৌরভয়ং বাপি গ্রহরাজভয়ং তথা । নচ মারীভয়ং তস্য সর্ব্বত্র সুখবান্ ভবেৎ, আয়ুরা-রোগ্যমৈশ্বর্য্যং পুত্রপৌত্রাদিসম্পদঃ । ভবন্তি সততং তস্য পুস্তকস্যাপি পূজনাৎ ।

শ্রীপার্ব্বত্যুবাচ । য এব ভৈরবো নাম আপদুদ্ধারকোমতঃ । ত্বয়া চ কথিতো দেব ভৈরবঃকল্প উত্তমঃ, তস্য নামসহস্রাণি অযুতান্যর্ব্বুদানিচ । সারমুদ্ধৃত্য তেষাং বৈ নামাষ্টশতকং বদ ।

শ্রীভগবানুবাচ । যশ্চ সংকীর্ত্তয়েদেতৎ সর্ব্বমন্ত্রনিবর্হণং । সর্ব্বান্ কামানবাপ্নোতি সাধকঃ সিদ্ধি-মেবচ, শৃণু দেবী প্রবক্ষ্যামি ভৈরবস্য মহাত্মনঃ । আপদুদ্ধারকস্যেহ নামাষ্টশতমুত্তমং, সর্ব্বপাপহরং পুণ্যং সর্ব্বাপত্তিনিবারণং । সর্ব্বকামার্থদং দেবি সাধকানাং সুখাবহং, দেহাঙ্গন্যাসকঞ্চৈব পূর্ব্বং কুর্য্যাৎ সমাহিতঃ ভৈরবং মূর্দ্ধি বিন্যস্য ললাটে ভীমদর্শনং অক্ষো-র্ভূতাশ্রয়ং ন্যস্য বদনে তীক্ষ্নদর্শনং । ক্ষেত্রপং কর্ণয়ো-র্মধ্যে ক্ষেত্রপালং হৃদি ন্যসেৎ, ক্ষেত্রাখ্যং নাভিদেশে তু কট্যাং সর্ব্বাঘনাশনং । ত্রিনেত্রমূর্ব্বোর্বিন্যস্য জঙ্ঘয়ো রক্তপাণিকং, পাদয়ো-র্দেবদেবেশং সর্ব্বাঙ্গে বটুকং ন্যসেৎ । এবং ন্যাসবিধিং কৃত্বা তদনন্তর মুত্তমং, নামাষ্টশতকস্যাস্য ছন্দোঽনুষ্টুবুদাহৃতং । বৃহদারণ্যকো নাম ঋষিশ্চ পরিকীর্ত্তিতঃ, দেবতা কথিতা চেহ সদ্ভির্বটুকভৈরবঃ । ওঁ ভৈরবো ভূতনাথশ্চ ভূতাত্মা ভূতভাবনঃ, ক্ষেত্রদঃ ক্ষেত্রপালশ্চ ক্ষেত্র-জ্ঞঃ ক্ষত্রিয়ো বিরাট্ । শ্মশানবাসী মাংসাশী খর্পরাসী মখান্তকৃৎ, রক্তপঃ প্রাণদঃ সিদ্ধঃ সিদ্ধিদঃ সিদ্ধি-

সেবিতঃ। করালঃ কালশমনঃ: কলা কাষ্ঠা তনুঃ কবিঃ, ত্রিনেত্রো বহুনেত্রশ্চ, তথা পিঙ্গললোচনঃ। শূলপাণিঃ খড়্গপাণিঃ কঙ্কালী ধূম্রলোচনঃ, অভীরুর্ভৈরবোভীরুর্ভূতপো যোগিনীপতিঃ। ধনদো ধনহারীচ ধনপঃ প্রতিভাবনঃ, নাগহারো নাগকেশো ব্যোমকেশঃ কপালভৃৎ। কালঃ কপালহারীচ কমনীয় কলানিধিঃ, ত্রিলোচনোজ্জলন্নেত্র-স্ত্রিশিখীচ ত্রিলোকপাৎ। ত্রিবৃত্তনয়নো ভিত্তঃ শান্তঃ শান্তজনপ্রিয়, বটুকো বটুকেশশ্চ খট্টাঙ্গবরধারকঃ। ভূতাধ্যক্ষঃ পশুপতির্ভিক্ষুকঃ পরিচারকঃ, ধূর্ত্তো দিগম্বরঃ শৌরিঃ হরিণঃ পাণ্ডুলোচনঃ। প্রশান্তঃ শান্তিদঃ শুদ্ধঃ শঙ্করপ্রিয়বান্ধবঃ, অষ্টমূর্ত্তির্নিধীশশ্চ জ্ঞানচক্ষুস্তমোময়ঃ। অষ্টাধারঃ কলাধারঃ সর্পযুক্তঃ শশিপ্রভঃ, ভূধরো ভূধরাধীশো ভূপতির্ভূধরাত্মজঃ। কঙ্কালধারী মুণ্ডীচ নাগযজ্ঞোপবীতবান্। জৃম্ভনো মোহনস্তম্ভী মারণঃ ক্ষোভণস্তথা। শুদ্ধো নীলাঞ্জনপ্রখ্য দেহো মুণ্ডবিভূষিতঃ, বলিভুক বলিভূতাত্মা কামী কামপরাক্রমঃ। সর্ব্বাপত্তারকো দুর্গো দুষ্টভূতনিষেবিতঃ, কামী কলানিধিঃ কান্তঃ কামিনীবশকৃদ্বশী। সর্ব্বসিদ্ধিপ্রদোবৈদ্যঃ প্রভবিষ্ণুঃ প্রভাববান্, অষ্টোত্তরশতং নাম ভৈরবস্য মহাত্মনঃ। ময়া তে কথিতং দেবি রহস্যং সর্ব্বকামিকং, য ইদং পঠতি স্তোত্রং নামাষ্টশতমুত্তমং। ন তস্য দুরিতং কিঞ্চিৎ ন রোগেভ্যো ভয়ং তথা, ন শত্রুভ্যো ভয়ং কিঞ্চিৎ প্রাপ্নোতি মানবঃ ক্বচিৎ। পাতকানাং ভয়ঞ্চৈব পঠেৎস্তোত্রমনন্যধীঃ, মারীভয়ে রাজভয়ে তথা চৌরাগ্নিজে ভয়ে।

ঔৎপাতিকে ভয়ে ঘোরে তথা দুঃস্বপ্নদর্শনে, বন্ধনে চ তথা ঘোরে পঠেৎ স্তোত্রং সমাহিতঃ। সর্ব্বে প্রশমনং যান্তি ভয়াৎ ভৈরবকীর্ত্তনাৎ, একাদশসহস্রন্তু পুরশ্চরণমুচ্যতে। ত্রিসন্ধ্যং যঃ পঠেদ্দেবি সংবৎসরমতন্দ্রিতঃ, সমৃদ্ধিং প্রাপ্নুয়াদিষ্টাং দুর্ল্লভা-মপি মানুষঃ। যন্মাসান্ভূমিকামস্তু জপিত্বা লভতে মহীং রাজা শত্রুবিনাশায় জপেন্মাসাষ্টকং পুনঃ। রাত্রৌ বারত্রয়ং চৈব নাশয়ত্যেব শাত্রবান্, জপেন্মাসত্রয়ং রাত্রৌ রাজানং বশ-মানয়েৎ। ধনার্থী চ সুতার্থী চ দারার্থী যস্তু মানবঃ, পঠেৎ বারত্রয়ং চৈব বারমেকং তথা নিশি। ধনং পুত্রাং-স্তথা দারান্ প্রাপ্নুয়ান্নাত্র সংশয়ঃ, রোগী রোগাৎ প্রমুচ্যেত বদ্ধো মুচ্যেত বন্ধনাৎ। ভীতো ভয়াৎ প্রমুচ্যেত দেবি সত্যং ন সংশয়ঃ, যান্ যান্ সমীহতে কামান্ তাং স্তানাপ্নোতি নিশ্চিতং। অপ্রকাশ্য-মিদং গুহ্যং নদেয়ং যস্য কস্যচিৎ, সৎকুলীনায় শান্তায় ঋজবে দম্ভবর্জিতে। দদ্যাৎ স্তোত্রমিদং পুণ্যং সর্ব্বকামফলপ্রদং, ধ্যানং তস্য প্রবক্ষ্যামি যথা ধ্যাত্বা পঠেন্নরঃ। শুদ্ধস্ফটিকসংকাশং সহস্রাদিত্যবর্চ্চসং, অষ্টবাহুং ত্রিনয়নং চতুর্ব্বাহুং দ্বিবাহুকং। ভুজঙ্গমেখলাকারং দেবমগ্নিশিরোরুহং, দিগম্বরং কুমারীশং বটুকাখ্যং মহাবলং। খট্বাঙ্গমসিপাশঞ্চ শূলঞ্চৈব তথা পুনঃ, ডমরুঞ্চ কপালঞ্চ বরদং ভুজগং তথা। নীলজীমূতসংকাশং নীলাঞ্জনচয়প্রভং, দংষ্ট্রাকরালবদনং নূপুরাঙ্গদসংকুলং। আম্নবর্ণসমোপেতং সারমেয়সমন্বিতং, করকলিতকপালঃ কুণ্ডলী দণ্ডপাণি-স্তরুণতিমিরনীলো ব্যালযজ্ঞো-

পবীতিঃ। ক্রমসময়সপার্য্যা বিঘ্নবিচ্ছেদহেতু-র্জয়তি বটুকনাথঃ সিদ্ধিদঃসাধকানাং। ধ্যাত্বা জপেৎ সুসংহৃষ্টঃ সর্ব্বান্ কামানবাপ্নুয়াৎ এতৎ শ্রুত্বা ততো দেবী নামাষ্টশতমুত্তমং ভৈরবায় প্রহৃষ্টোঽভূৎ স্বয়ং চৈব মহেশ্বরী। ইতি বিশ্বসারতন্ত্রে আপদুদ্ধারকল্পে বটুকভৈরবস্তবঃ সমাপ্তঃ।

রামকবচম্।

ওঁ রামচন্দ্রায় নমঃ। ধ্যাত্বা নীলোৎপলশ্যামং রামং রাজীবলোচনং। জানকীলক্ষণোপেতং জটামুকুটমণ্ডিতং। সাসি তূণ ধনুর্ব্বাণ-পাণিং নক্তঞ্চরান্তকং। স্বলীলয়া জগত্রাতু-মাবির্ভূতমজং বিভুং। রামরক্ষাং পঠেৎ প্রাজ্ঞঃ পাপঘ্নীং সর্ব্বকামদাং। শ্রীরামকবচাস্যাস্য বুধকৌশিক ঋষি-রনুষ্টুপ ছন্দঃ শ্রীরামচন্দ্রোদেবতা শ্রীরামচ প্রীত্যর্থং জপে বিনিয়োগঃ। ওঁ শিরো মে রাঘবঃ পাতু-র্ভালং দশরথাত্মজঃ। কৌশলেয়ো দৃশৌ পাতু বিশ্বামিত্রপ্রিয়ঃ শ্রুতী। ঘ্রাণং পাতু মখত্রাতা মুখং সৌমিত্রি-বৎসলঃ। জিহ্বাং বিদ্যানিধিঃ পাতু কণ্ঠং ভরতবন্দিতঃ। স্কন্ধৌ দিব্যায়ুধঃ পাতু ভুজৌ ভগ্নেশকার্ম্মুকঃ। করৌ সীতাপতিঃ পাতু হৃদয়ং জামদগ্ন্যজিৎ। বক্ষঃ পাতু কবন্ধারি-স্তনৌ গীর্ব্বাণবন্দিতঃ। পার্শ্বৌ

কুলপতিঃ পাতু কুক্ষিমিক্ষ্বাকুনন্দনঃ। মধ্যং পাতু খরধ্বংসী নাভিং জাম্ববদাশ্রয়ঃ। স্কন্ধং জিতেন্দ্রিয়ঃ পাতু পৃষ্ঠং পাতু রঘূদ্বহঃ। সুগ্রীবেশঃ কটীং পাতু শক্তিঘ্নী হনুমৎপ্রভুঃ। উরূ রঘূত্তমঃ পাতু রক্ষঃ-কুলবিনাশকৃৎ। জানুনী সেতুকৃৎ পাতু জঙ্ঘে দশমুখান্তকঃ। পাদৌ বিভীষণশ্রীদঃ পাতু রামোঽখিলং বপুঃ। এতাং রামবলোপেতাং রক্ষাং যঃ সুকৃতী পঠেৎ। স চিরায়ুঃ সুখী পুত্রী বিজয়ী বিনয়ী ভবেৎ। পাতাল ভূতলব্যোমচারিণঃ ছদ্মচারিণঃ। ন দ্রষ্টুমপি শক্তাস্তে রক্ষিতং রামনামভিঃ রামেতি রামচন্দ্রেতি রামভদ্রেতি বা স্মরন্‌। নরো ন লিপ্যতে পাপৈর্ভুক্তিং মুক্তিঞ্চ বিন্দতি। জগজ্জৈত্রৈকমন্ত্রেণ রাম-নাম্নাভিরক্ষিতং যঃ কণ্ঠে ধারয়েত্তস্য করস্থাঃ সর্ব্বসিদ্ধয়ঃ। ভূর্জ্জপত্রে ত্বিমাং বিদ্যাং গন্ধচন্দনচর্চ্চিতাং। কৃত্বা বৈ ধারয়েদ্‌যস্তু সোঽভীষ্টং ফলমাপ্নুয়াৎ। কাকবন্ধ্যা চ যা নারী মৃতাপত্যা চ যা ভবেৎ। বহ্বপত্যা জীববৎসা সাচ স্যান্নাত্র সংশয়ঃ। বজ্রপঞ্জরনামেদং যো রামকবচং পঠেৎ। অব্যাহতাজ্ঞঃ সর্ব্বত্র লভতে জয়মঙ্গলং। আদিষ্টবান্‌ যথা স্বপ্নে রামরক্ষামিমাং হরিঃ। তথা লিখিতবান্‌ প্রাতঃ প্রবুদ্ধো বুধকৌশিকঃ। ধন্বিনৌ বদ্ধনিস্ত্রিংশৌ কাকপক্ষধরৌ শুভৌ বীরৌ মাং পথি রক্ষেতাং তাবুভৌ রামলক্ষ্মণৌ। তরুণৌ রূপসম্পন্নৌ সুকুমারৌ মহাবলৌ। পুণ্ডরীকবিশালাক্ষৌ চীরকৃষ্ণাজিনাম্বরৌ। ফল-মূলাশিনৌ দান্তৌ তাপসৌ ব্রহ্মচারিণৌ পুত্রৌ দশরথস্যৈতৌ ভ্রাতরৌ

রামলক্ষ্মণৌ। শরণ্যৌ সর্ব্বসত্ত্বানাং শ্রেষ্ঠৌ সর্ব্বধনুষ্মতাং। রক্ষঃকুলনিহন্তারৌ ত্রায়েতাং নো রঘূত্তমৌ। আত্ত সজ্য-ধনুষাবিষুস্পৃশা-বক্ষয়াশুগনিষঙ্গসঙ্গিনৌ। রক্ষণায় মম রামলক্ষ্মণাবগ্রতঃ পথি সদৈব গচ্ছতাং॥ সন্নদ্ধঃ কবচী খড়্গী চাপবাণধরো যুবা। গচ্ছন্মনোরথকান্মান্ রামঃ পাতু সলক্ষ্মণঃ। অগ্রতস্তনৃসিংহো মে পৃষ্ঠতো গরুড়ধ্বজঃ। পার্শ্বয়োস্তু ধনুষ্মন্তৌ সশরৌ রামলক্ষ্মণৌ। রামো দাশরথিঃ শূরো লক্ষ্মণানুচরো বলী কাকুৎস্থঃ পুরুষঃ পূর্ণঃ কৌশল্যেয়ো রঘূত্তমঃ। বেদান্তবেদ্যো যজ্ঞেশঃ পুরাণঃ পুরুষোত্তমঃ। জানকীবল্লভঃ শ্রীমানপ্রমেয়পরাক্রমঃ। দক্ষিণে লক্ষ্মণো ধন্বী বামে চ জানকী শুভা। পুরতো মারুতির্যস্য তং নমামি রঘূত্তমম্। আপদামপহর্ত্তারং দাতারং সর্ব্বসম্পদাং। গুণাভিরামং শ্রীরামং ভূয়ো ভূয়ো নমাম্যহং। (এতানি মম নামানি মন্ত্রজ্ঞো যঃ সদা স্মরেৎ। অশ্বমেধাযুতং পুণ্যং স প্রাপ্নোতি ন সংশয়ঃ)। ইতি পদ্মপুরাণে বেদব্যাসকৃতৌ ভগবদ্বিশ্বামিত্রকৌশিকপ্রণীতং বজ্রপঞ্জরনামাখ্যং শ্রীরামকবচং সমাপ্তম্॥

অথ নবগ্রহকবচম্।

ব্রহ্মোবাচ। শিরো মে পাতু মার্ত্তণ্ডঃ কপালং রোহিণীপতিঃ। মুখমঙ্গারকঃ পাতু কণ্ঠঞ্চ শশিনন্দনঃ।

বুদ্ধিং জীবঃ সদা পাতু হৃদয়ং ভৃগুনন্দনঃ। জঠরঞ্চ শনিঃ পাতু জিহ্বাং মে দিতিনন্দনঃ। পাদৌ কেতুঃ সদা পাতু বারাঃ সর্ব্বাঙ্গমেব চ। তিথয়োঽষ্টৌ দিশঃ পাতু নক্ষত্রাণি বপুঃ সদা। অংশো রাশিঃ সদা পাতু যোগাশ্চ স্থৈর্য্যমেব চ। এতাং রক্ষাং পঠেদ্যস্তু অঙ্গং পৃষ্টাপি বা পঠেৎ। সচিরায়ুঃ সুখী পুত্রী যুদ্ধে চ বিজয়ী ভবেৎ। রোগাৎ প্রমুচ্যতে রোগী বদ্ধো মুচ্যেত বন্ধনাৎ। স্ত্রিয়ঞ্চ লভতে নিত্যং রিষ্টিস্তস্য ন জায়তে। যঃ করে ধারয়েন্নিত্যং তস্যরিষ্টির্ন জায়তে। পঠনাৎ কবচস্যাস্য সর্ব্বপাপাৎ প্রমুচ্যতে। মৃতবৎসা চ যা নারী কাকবন্ধ্যা চ যা ভবেৎ। জীববৎসা পুত্রবতী ভবত্যেব ন সংশয়ঃ।

ইতি জামলে নবগ্রহকবচং সমাপ্তং।

সরস্বতী-স্তোত্রম্।

ওঁ নমঃ সরস্বত্যৈ। বৃহস্পতিরুবাচ। সরস্বতীং নমস্যামি চেতনাং হৃদিসংস্থিতাং। কণ্ঠস্থাং পদ্মযোনিস্থাং হ্রীঁ হ্রীঁ কারপ্রিয়াং শুভাং। মতিদাং বরদাঞ্চৈব সর্ব্বকামফলপ্রদাং। কেশবস্য প্রিয়াং দেবীং বীণাহস্তাং বরপ্রদাং ঐঁ ঐঁ মন্ত্রপ্রিয়াং নিত্যাং কুমতিধ্বংসকারিণীং স্বপ্রকাশাং নিরালম্বামজ্ঞানতিমিরা-

পহাং। মোক্ষদাঞ্চ সদা নিত্যাং শুভদাং শোভনপ্রিয়াং। পদ্মস্থিতাং কুণ্ডলিনীং শুক্লবর্ণাং মনোহরাং। আদিত্যমণ্ডলে লীনাং প্রণমামি। কুলপ্রিয়াং। ইতি সা সংস্তুতা দেবী বাগীশেন মহাত্মনা। আত্মানং দর্শয়ামাস শরদিন্দুসমপ্রভাং। দেব্যুবাচ। বরং বৃণুষ ভদ্রন্তে যত্তে মনসি বর্ত্ততে। বৃহস্পতিরুবাচ। বরদা যদি মে দেবি দিব্যজ্ঞানং প্রযচ্ছ মে। দেব্যুবাচ। দত্তন্তে নির্ম্মলং জ্ঞানং কুমতিধ্বংসকারণং। স্তোত্রেণানেন যে ভক্ত্যা মাং স্তুবন্তি সদা নরঃ। তে লভন্তে পরং জ্ঞানং মমতুল্যপরাক্রমং। ত্রিসন্ধ্যং প্রযতো ভূত্বা যস্বিদং পঠতে সদা। তস্য কণ্ঠে সদা বাসং করিষ্যামি ন সংশয়ঃ। ইতি বৃহস্পতিবিরচিতং সরস্বতীস্তোত্রং সমাপ্তং। ওঁ তৎসৎ।

গায়ত্রীশাপোদ্ধার।

অস্য গায়ত্রীশাপবিমোচনমন্ত্রস্য ব্রহ্ম ঋষির্গায়ত্রীচ্ছন্দোবরুণোদেবতা ব্রহ্মশাপবিমোচনে বিনিয়োগঃ। ওঁ বহ্মেতি ব্রহ্ম বিদোবিদুস্ত্বাং পশ্যন্তি ধীরাঃ সুমনসো বা গায়ত্রি ত্বং ব্রহ্মশাপাৎ বিমুক্তা ভব। বশিষ্ঠশাপবিমোচনমন্ত্রস্য বশিষ্ঠ ঋষির্ব্বশিষ্ঠো দেবতা বশিষ্ঠশাপবিমোচনে বিনিয়োগঃ। ওঁ

অর্কজ্যোতিরহং ব্রহ্মা ব্রহ্মজ্যোতিরহং শিবঃ। শিবজ্যোতিরহং বিষ্ণুর্বিষ্ণুর্জ্যোতিঃ শিবঃ পরঃ। গায়ত্রি ত্বং বশিষ্ঠশাপাৎ বিমুক্তা ভব। ওঁ বিশ্বামিত্রশাপবিমোচনমন্ত্রস্য বিশ্বামিত্র ঋষি-রাদ্যা দেবতা বিশ্বামিত্রশাপবিমোচনে বিনিয়োগঃ। ওঁ অহো দেবি মহাদেবি দিব্যে সন্ধ্যে সরস্বতি। অজরে অমরে চৈব ব্রহ্মযোনি নমোঽস্তু তে। গায়ত্রি ত্বং বিশ্বামিত্রশাপাৎ বিমুক্তা ভব।

দশাবতারবিষ্ণুস্তোত্রম্ ।

আদায় বেদাঃ সকলাঃ সমুদ্রান্নিহত্য শঙ্খং রিপুমত্যুদগ্রং। দত্তাঃ পুরা যেন পিতামহায় বিষ্ণুং তমাদিং ভজ মৎস্যরূপং ॥ ১ ॥ দিব্যামৃতার্থং মথিতে মহাব্ধৌ দেবাসুরৈর্বাকিস্তমান্দরাদ্যৈঃ। ভূমের্মহাবেগবিঘূর্ণিতায়াস্তং কূর্ম্মমাধারগতং স্মরামি ॥ ২ ॥ সমুদ্রকাঞ্চীনরিদুত্তরীয়া বসুন্ধরা মেরুকিরীটভারা। দন্তাগ্রতো যেন সমুদ্ধৃতাভূত্তমাদিলোকং শরণং প্রপদ্যে ॥ ৩ ॥ ভক্তার্ত্তিভঙ্গক্ষময়া ধিয়া যঃ স্তম্ভান্তরালাদুদিতো নৃসিংহঃ। রিপুং সুরাণাং নিশিতৈর্নখাগ্রৈর্ব্বিদারয়ন্তং ন চ বিস্মরামি ॥ ৪ ॥ চক্ষুঃসমুদ্রাভরণা

ধরিত্রী ত্রাসায় নালং চরণস্য যস্য । একস্য নান্যস্য পদং সুরাণাং ত্রিবিক্রমং সর্ব্বগতং নমামি ॥ ৫ ॥
ত্রিসপ্তবারং নৃপতিং নিহত্য হস্তার্পণং রক্তময়ং পিতৃভ্যঃ । চকার দোর্দ্দণ্ডবলেন সম্যক্ তমাদিশূরং প্রণ-
মামি বিষ্ণুং ॥ ৬ ॥ কুলে রঘূণাং সমবাপ্য জন্ম বিধায় সেতুং জলধের্জলান্তঃ । লঙ্কেশ্বরং যঃ সময়াঞ্চকার
সীতাপতিং তং প্রণমামি ভক্ত্যা ॥ ৭ ॥ হলেন সর্ব্বান্ নৃপতীন্ নিহত্য চকার চূর্ণং মুষলপ্রহারৈঃ ।
যঃ কৃষ্ণমাসাদ্য বলং বলীয়ান্ ভক্ত্যা ভজে তং বলভদ্ররামং ॥ ৮ ॥ পুরাসুরাণামসুরান্ বিজেতুং সম্ভাবয়ং-
শ্চীবরচিহ্নবেশং । চকার যঃ শাস্ত্রমমোঘকল্পং তং মূলভূতং প্রণতোঽস্মি বুদ্ধং ॥ ৯ ॥ কল্পাবসানে নিখিলৈঃ
খুরাগ্রৈঃ সঙ্ঘট্টয়ামাস নিমেষমাত্রাৎ । যস্তেজসা নির্দ্দহতাতিভীমোঃবিশ্বাত্মকং তং তুরগং ভজামঃ ॥ ১০ ॥
শঙ্খং সুচক্রং সুগদাং সরোজং দোর্ভির্দ্দধানং গরুড়াধিরূঢ়ং । শ্রীবৎসচিহ্নং জগদাদিমূলং তমালনীলং হৃদি
বিষ্ণুমীড়ে ॥ ১১ ॥ ক্ষীরাম্বুধৌ শেষবি শয়নতল্পে শয়ানমন্তঃস্মিতশোভিবক্ত্রং । উৎফুল্লনেত্রাম্বুজমম্বুদাভমাদ্যং
শ্রুতীনামসকৃৎ স্মরামি ॥ ১২ ॥ প্রীণয়ে ধরা স্তুত্যা জগন্নাথং জগন্ময়ং । ধর্ম্মার্থকামমোক্ষাণামাপ্তয়ে
পুরুষোত্তমং ॥ ১৩ ॥ ইতি তন্ত্রসারোক্ত দশাবতারবিষ্ণুস্তবঃ সমাপ্তঃ ॥

লক্ষ্মীস্তোত্রং ।

ওঁ নমোলক্ষ্মৈ । ঈশ্বর উবাচ । ত্রৈলোক্যপূজিতে দেবি কমলে বিষ্ণুবল্লভে । যথা ত্বং সুস্থিরা কৃষ্ণে তথা ভব ময়ি স্থিরা । ঈশ্বরী কমলা লক্ষ্মীশ্চলা ভূতির্হরিপ্রিয়া । পদ্মা পদ্মালয়া সম্পদুচ্চৈঃ শ্রীপদ্মধারিণী । দ্বাদশৈতানি নামানি লক্ষ্মীং সংপূজ্য যঃ পঠেৎ । স্থিরা লক্ষ্মীর্ভবেত্তস্য পুত্রদারাদিভিঃ সহ । ইতিলক্ষ্মীস্তোত্রং সমাপ্তম্ । ওঁ তৎসৎ ।

মধুসূদনস্তোত্রং ।

ওঁ নমো মধুসূদনায় । ওমিতিজ্ঞানমাত্রেণ রাগাজীর্ণেন জির্জ্জিতঃ । কালনিদ্রাং প্রপন্নোঽস্মি ত্রাহি মাং মধুসূদন । ১ । ন গতির্ব্বিদ্যতে নাথ ত্বমেবশরণং মম । পাপপঙ্কে নিমগ্নোঽস্মি ত্রাহি মাং মধুসূদন । ২ । মোহিতোমোহজালেন পুত্রদারগৃহাদিষু । তৃষ্ণয়া পীড্যমানোঽস্মি ত্রাহি মাং মধুসূদন । ৩ । ভক্তিহীনঞ্চ দীনঞ্চ দুঃখশোকাতুরং প্রভো । অনাশ্রয়মনাথঞ্চ ত্রাহি মাং মধুসূদন । ৪ । গতাগতেন শ্রান্তোঽস্মি দীর্ঘসংসারবর্ত্মসু । যেন ভূয়ো ন গচ্ছামি ত্রাহি মাং মধুসূদন ॥ ৫ ॥ বহবো হি ময়া দৃষ্টা যোনিদ্বারং পৃথক্ পৃথক্ । গর্ভবাসে মহদ্দুঃখং ত্রাহি মাং মধুসূদন ॥ ৬ ॥ তেন দেব প্রপন্নোঽস্মি ত্রাণার্থে

দুঃখপরায়ণঃ। দুঃখার্ণবপরিত্রাণাৎ ত্রাহি মাং মধুসূদন। ৭॥ বাচা যত্র প্রতিজ্ঞাতং কর্ম্মণা নোপপাদিতং তৎপাপার্জ্জিত-মগ্নোঽস্মি ত্রাহি মাং মধুসূদন ॥৮॥ সুকৃতং ন কৃতং কিঞ্চিদ্দুষ্কৃতঞ্চময়া কৃতং। সংসারঘোরে মগ্নোঽস্মি ত্রাহি মাং মধুসূদন ॥ ৯ ॥ দেহান্তরসহস্রেষু চান্যোন্য—ভ্রামিতো ময়া। তির্য্যক্‌ত্বং মানুষত্বঞ্চ ত্রাহি মাং মধুসূদন ॥ ১০ ॥ বাচয়ামি যথোন্মত্তঃ প্রলপামি তবাগ্রতঃ। জরামরণভীতোঽস্মি ত্রাহি মাং মধুসূদন ॥ ১১ ॥ যত্র যত্র চ জাতোঽস্মি স্ত্রীষু বা পুরুষেষু চ। তত্র তত্রাচলা ভক্তিস্ত্রাহি মাং মধুসূদন ॥ ১২ ॥ গত্বা গত্বা নিবর্ত্তন্তে চন্দ্রসূর্য্যাদয়ো গ্রহাঃ। অদ্যাপি ন নিবর্ত্তন্তে দ্বাদশাক্ষরচিন্তকাঃ ॥ ১৩ ॥ ঊর্দ্ধপাতালমর্ত্ত্যেষু ব্যাপ্তং লোকজগত্রয়ং। দ্বাদশাক্ষরাৎ পরং নাস্তি বাসুদেবেন ভাষিতং ॥ ১৪ ॥ দ্বাদশাক্ষরং মহামন্ত্রং সর্ব্বকামফলপ্রদং। গর্ভবাসনিবাসেন শুকেন পরিভাবিতং ॥ ১৫ ॥ দ্বাদশাক্ষরং নিরাহারো যঃ পঠেৎ হরিবাসরে। স গচ্ছেদ্বৈষ্ণবং স্থানং যত্র যোগেশ্বরো হরিঃ ॥ ১৬ ॥ ইতি শ্রীশুক-দেববিরচিতং মধুসূদন-স্তোত্রং সমাপ্তং।

দরাপ খাঁ কৃতগঙ্গাষ্টকস্তোত্রং।

যত্ত্যক্তং জননীগণৈর্যদপি ন স্পৃষ্টং সুহৃদ্বান্ধবৈ-র্যস্মিন্ পান্থদৃগন্তসন্নিপতিতে তৈঃ স্বর্যাতে শ্রীহরিঃ। স্বাঙ্কে ন্যস্য তদীদৃশং বপুরহো স্বীক্রিয়তে পৌরুষং ত্বং তাবৎ করুণাপরায়ণপরা মাতাসি ভাগীরথি। ১।

অচ্যুতচরণতরঙ্গিণি গঙ্গে শশিশেখরমৌলিমালতিমালে। ত্বয়ি তনুবিতরণসময়ে দেয়া হরতা ন মে হরিতা।২। শূন্যীভূতা শমননগরী নীরবা রৌরবাদ্যা, যাতায়াতৈঃ প্রতিদিনমহো ভেদ্যমানা বিমানাঃ। সিদ্ধৈঃ সার্দ্ধং দিবি দিবিষদঃ সার্য্যপাটৈব্রক হন্তা, মাতর্গঙ্গে যদবধি তব প্রাদুরাসীৎ প্রবাহঃ।৩। পয়োহি গাঙ্গং ত্যজতামিহাঙ্গং, পুনর্নচাঙ্গং যদি চাপি চাঙ্গং। করে রথাঙ্গং শয়নে ভুজঙ্গং, যানে বিহঙ্গং চরণে চ গাঙ্গং।৪। কত্যক্ষীণি করোটয়ঃ কতি কতি দ্বীপি দ্বিপানাং ত্বচঃ, কাকোলাঃ কতি পন্নগাঃ কতি সুধাধাম্নশ্চ খণ্ডাঃ কতি। কিঞ্চ ত্বঞ্চ কতি ত্রিলোকজননি ত্বদং বারিপূরোদরে, মজ্জজ্জন্তুকদম্বকং সমুদয়ত্যেকৈকমাদায় যৎ।৫। কুতো বাপী বীচিস্তব যদি গতা? লোচনপথং ত্বমাপীতাপীতাম্বরপুরনিবাসং বিতরসি। ত্বদুৎসঙ্গে গঙ্গে যদি পততি কায়স্তনুভৃতাং তদা মাতঃ শাতক্রতবপদলাভোঽপ্যতিলঘুঃ।৬। সমস্তো লোকানামখিলদুরিতান্যেব দহসি প্রগল্ভী নিম্নানামপি নয়সি সর্ব্বোপরিগতান্। স্বয়ং জাতা বিষ্ণোর্জ্জনয়সি মুরারাতিনিবহা,—অহো মাতর্গঙ্গে কিমিহ চরিতং তে বিজয়তে।৭। সুরধুনি মুনিকন্যে তারয়েঃ পুণ্যবন্তং স তরতি নিজপুণ্যৈস্তত্র কিন্তে মহত্বং। যদি চ গতি বিহীনং তারয়েঃ পাপিনং মাং তদিহ তব মহত্বং তন্মহত্বং মহত্বং।৮।

ইতি গঙ্গাষ্টকস্তোত্রম্ সমাপ্তম্।

পঞ্চমসংস্করণ "হিন্দু-সৎকর্ম্মমালা।"

প্রথমভাগে,—সব্যবস্থা, তর্পণ, ত্রিবেণী ও তান্ত্রিকী সন্ধ্যা, নিত্য কাম্য পূজাদি ।/০। ২য়ে, সাম্ববাদ-স্তব, শিবরাত্রি, স্বস্ত্যয়নাদি ।৵০। ৩য়ে, সব্যবস্থা শ্রাদ্ধকাণ্ড ও ব্রতপ্রতিষ্ঠাদির কর্ম্মাদি ।৶০। ৪র্থে, সাম্ববার-মহিম্নস্তব, শনিস্তব, অশৌচব্যবস্থা, দশপিণ্ডাদি ।৶০। ৫মে, সব্যবস্থা, বিবাহ, [illegible], যাগ, দোল, সূর্য্যকবচাদি ।৶০। ৬ষ্ঠে, যাবতীয় প্রায়শ্চিত্ত-ব্যবস্থা ও ফর্দ্দ সহ কালী পূজাদি ।৶০। ৭মে, পুরশ্চরণ, জগদ্ধাত্রী, কার্ত্তিক, অন্নপূর্ণা ও দুর্গাপূজাদি ।৶০। ৮মে, [illegible] ও ব্যবস্থা সহ কুশণ্ডিকাহোমাদি ।৶০। গায়ত্রীর অষ্টোত্তর সহস্র নাম ও স্তবাদি ৶০ আনা। দ্বিতীয় সংস্করণ গো-জীবন। প্রথম ভাগ ।০ আনা। ঐ দ্বিতীয় ভাগ ৶০ আনা। ইহা গো, অশ্ব ও হস্তি চিকিৎসার সর্ব্বোৎকৃষ্ট পুস্তক

অন্যান্য শাস্ত্রীয় পুস্তকও আমার নিকট পাওয়া যায়।

পোঃ—[illegible], [illegible], 'হিন্দু-সৎকর্ম্মমালা প্রেসে' শ্রীমন্মথনাথ স্মৃতিরত্নের নিকট প্রাপ্য।

হিন্দু-সৎকর্ম্ম মালা।

নবম ভাগ।

বিস্তৃত ব্যবস্থা ও গুণবিষ্ণুকৃত টীকা সহ গর্ভাধানাদি উপনয়নান্ত দশকর্ম
এবং বটুক-ভৈরবস্তবাদি সম্বলিত পুস্তক।

পরমারাধ্য পূজ্যপাদ শ্রীযুক্ত দ্বারকানাথ বিদ্যারত্ন ও শ্রীযুক্ত মথুরানাথ ন্যায়রত্ন
প্রভৃতি মহাশয়গণ দ্বারা সংশোধিত।

শ্রীমন্মথনাথ স্মৃতিরত্ন ভট্টাচার্য্য কর্ত্তৃক.

কলিকাতা। পোষ্ট,—বরাহনগর,—পালপাড়া, চতুষ্পাঠি হইতে প্রকাশিত।

বরাহনগর,—পালপাড়া "হিন্দু-সৎকর্ম্মমালা" প্রেসে শ্রীশশিভূষণ দে দ্বারা মুদ্রিত।

সন ১৩০২। মাহ চৈত্র।

রেজেষ্টরী করা। মূল্য ।৶০ ছয় আনা।